সংবাদ

তারিখ 24 [illegible]
পৃষ্ঠা ৪ কলাম ৪

# প্রধান শিক্ষকের দায়িত্ব পাচ্ছেন ১৬ হাজার সহকারী শিক্ষক

<u>নিজস্ব বার্তা পরিবেশক</u>

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের শূন্য পদ পূরণে সহকারী শিক্ষকদের মধ্য থেকে ১৬ হাজার শিক্ষককে চলতি দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। প্রাথমিক পর্যায়ে গতকাল ঢাকা জেলার ৮৭ শিক্ষককে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

এ সংক্রান্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমান গতকাল সকালে নিজ মন্ত্রণালয়ে এক সভা শেষে প্রেসব্রিফিংয়ে বলেন, 'সহকারী শিক্ষকদের মধ্য থেকে ১৬ হাজার শূন্যপদে প্রধান শিক্ষকের চলতি দায়িত্ব দেয়া হবে।'

প্রেসব্রিফিংয়ে অন্যদের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক আবু হেনা মোস্তফা কামাল, প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আতিকুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

গণশিক্ষামন্ত্রী আরও জানান, প্রধান শিক্ষকের পদটি দুটি প্রক্রিয়ায় পূরণ করা হয়। মোট শূন্য পদের ৩৫ শতাংশে সরকারি কর্মকমিশনের (পিএসসি) মাধ্যমে সরাসরি নিয়োগ হয় এবং ৬৫ শতাংশ ক্ষেত্রে সহকারী শিক্ষকদের পদোন্নতি দিয়ে প্রধান শিক্ষক করা হয়।

বর্তমানে সারাদেশের প্রাথমিক বিদ্যাললয়ে ২১ হাজারের বেশি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে জানিয়ে গণশিক্ষামন্ত্রী বলেন, 'আমরা ৬৫ শতাংশ দিতে পারব, যা সংখ্যায় ১৬ হাজার। প্রধান শিক্ষকের পদটি এখন দ্বিতীয় শ্রেণি হওয়ায় ৬৫ শতাংশের পদোন্নতির জন্য আমরা পিএসসিতে সুপারিশ পাঠাব। বাকি ৩৫ শতাংশ তারা (পিএসসি) পূরণ করবে।'

এই প্রক্রিয়া শেষ হওয়ার আগে আপাতত যোগ্যদের মধ্য থেকে অস্থায়ীভাবে চলতি দায়িত্ব দিয়ে স্কুলগুলো পরিচালনা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানান মোস্তাফিজুর রহমান।

তবে এ ব্যাপারে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা সংবাদকে বলেন, 'পিএসসির মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগ দেয়া দীর্ঘ সময়ের ব্যাপার। এজন্য সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষকের দায়িত্ব দিয়ে পরবর্তীতে নতুন করে সহকারী শিক্ষক নিয়োগের উদ্যোগ নেয়া হবে।'

এ ব্যাপারে গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নজরুল ইসলাম খান বলেন, 'পর্যায়ক্রমে বাকি জেলাগুলোর শিক্ষকদের যেদিন তালিকা পাওয়া যাবে সেদিনই চলতি দায়িত্ব দেয়া হবে।'

গণশিক্ষামন্ত্রী এ ব্যাপারে আরও বলেন, 'প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বেতন স্কেল নিয়ে বিদ্যমান সমস্যা দূর করতে অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। এজন্য একটি কমিটি করা হয়েছে।'